সিনিয়র সিষ্টেম এনালিষ্ট এর দপ্তর
পরিকল্পনা বিভাগ
ডাইরী নং.................তারিখঃ...............
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং, শাখা-১

নং- ২০.০৫২.০০০.৪৮৬.০১৪.২৮০.১৭-১৫৫

তারিখঃ ০৮ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ
২২ মার্চ, ২০১৭ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ** বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত "পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ১৮ লক্ষ গ্রাহক সংযোগ প্রদান (২য় সংশোধন)"-শীর্ষক প্রকল্পের ওপর ১৬/০৩/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি) মোস্তাফা কামাল উদ্দীন এর সভাপতিত্বে গত ১৬/০৩/২০১৭ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক প্রস্তাবিত "পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ১৮ লক্ষ গ্রাহক সংযোগ প্রদান (২য় সংশোধন)"-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিইসি) সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২২/০৩/২০১৭

(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৪৬
ই-মেইলঃ kzaman050870@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃআঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৯। চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।

অবগতির জন্য অনুলিপিঃ

১। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ

বিষয়ঃ ১৬/০৩/২০১৭ খ্রি: তারিখে অনুষ্ঠিত বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত "পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ১৮ লক্ষ গ্রাহক সংযোগ প্রদান (২য় সংশোধন)"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি) জনাব মোস্তাফা কামাল উদ্দীন এর সভাপতিত্বে গত ১৬/০৩/২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিভাগ) বিবো) কর্তৃক প্রস্তাবিত "পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ১৮ লক্ষ গ্রাহক সংযোগ প্রদান (২য় সংশোধন)"-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-"ক" তে সন্নিবেশিত। সভায় অর্থ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কোন প্রতিনিধি উপস্থিত ছিলেন না।

২। উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের বিদ্যুৎ উইং এর উপ-প্রধান প্রকল্পের পটভূমিকায় উল্লেখ করেন যে, "পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ১৮ লক্ষ গ্রাহক সংযোগ প্রদান"-শীর্ষক মূল প্রকল্পটি মোট ৫৪১৩.৩৫৪৮ কোটি টাকা (পুরোটাই জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর ২০১৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ৩১/০১/২০১২ খ্রি: তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। মূল অনুমোদিত প্রকল্পের আওতায় ৪৫,০০০ কিঃ মিঃ নতুন বিতরণ লাইন নির্মাণ, ২,০০০ কিঃ মিঃ ৩৩ কেভি নতুন লাইন নির্মাণ, ৫০০ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন আপগ্রেডেশন, ১০০ টি ৩৩/১১ কেভি নতুন উপ-কেন্দ্র নির্মাণ (৯৭০ এমভিএ), ৫০ টি ৩৩/১১ কেভি উপ-কেন্দ্রের ক্ষমতাবর্ধন (৩৩০ এমভিএ), ১৮,০০,০০০ গ্রাহক সংযোগ প্রদানের সংস্থান ছিল। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি, বিভিন্ন ক্ষমতার (১১/৩৩ কেভি) লাইন নির্মাণের দৈর্ঘ্য হ্রাস/বৃদ্ধি, বিভিন্ন খাতে ব্যয় প্রাক্কলনের বৃদ্ধি ও হ্রাস এবং সামগ্রিকভাবে প্রকল্প ব্যয় বৃদ্ধির কারণে প্রকল্পটি গত ২৯/০৬/২০১৫ ইং তারিখে ৬৪২৫.৯৯০৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর ২০১৭ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়।

এক্ষণে, প্রকল্পের বাস্তবায়নকাল হ্রাস, মোট পরিমাণ অপরিবর্তিত রেখে বৈদ্যুতিক লাইন নির্মাণের পরিমাণ পুনঃবিভাজন, প্রকল্পের বিভিন্ন অংগের ব্যয় হ্রাস/বৃদ্ধি, মালামাল ও যন্ত্রপাতি, কম্পিউটার ও এক্সেসরিজ, ভূমি অধিগ্রহণ, বৈদ্যুতিক লাইন ও উপকেন্দ্র নির্মাণ/স্থাপন (ইরেকশন এন্ড ইনষ্টলেশন), পরিবহন ও ল্যান্ডিং চার্জ ও মোট প্রাক্কলিত ব্যয়ের পার্থক্যের কারণে আলোচ্য প্রকল্পটি মোট ৬২৪৪.৬৪১৯ কোটি (পুরোটাই জিওবি) টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত জানুয়ারি, ২০১২ হতে জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য বিদ্যুৎ বিভাগ পরিকল্পনা কমিশনে ২য় সংশোধন প্রস্তাব অনুমোদনের জন্য প্রেরণ করেছে।

৩। আলোচনাঃ

৩.১ সভায় প্রকল্পের আর্থিক ও ভৌত অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সভায় উল্লেখ করা হয় যে, ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮৯.৭৫%। এ সময়ের মধ্যে লাইন নির্মাণের ক্ষেত্রে অগ্রগতি ৯৪%, নতুন উপকেন্দ্র নির্মাণ ৮৬%, উপকেন্দ্রের ক্ষমতা বর্ধণ ১০০% এবং গ্রাহক সংযোগের ক্ষেত্রে ১০০% অর্জিত হয়েছে। অবশিষ্ট কাজ জুন, ২০১৭ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে মর্মে সভায় অবহিত করা হয়। সভায়

প্রকল্পের সার্বিক অগ্রগতি নিয়ে সন্তোষ প্রকাশ করা হয় এবং নির্ধারিত সময়ের ছয়মাস পূর্বে ভৌত লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় এবং ১ম সংশোধিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের তুলনায় প্রায় ১৮১.৩৫ কোটি টাকা সাশ্রয় হওয়ায় পরিকল্পনা কমিশনের পক্ষ থেকে প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ এবং অন্যান্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ভবিষ্যতে সকল প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য এ দৃষ্টান্ত অনুসরণ করার ওপর বিদ্যুৎ বিভাগকে পরার্মশ প্রদান করা হয়। এছাড়া, পুনর্গঠিত আরডিপিপি'তে প্রকল্পের হালনাগাদ তথ্যাদি (ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত) সন্নিবেশ করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

৩.২ সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পটি জুন ২০১৭ এ সমাপ্তের জন্য নির্ধারণ করা হলেও এ মূহুর্তে সকল অংগের ব্যয় সুনির্দিষ্টভাবে নিরুপন করা সম্ভব। তাই বিবিধ মুলধন ব্যয় এবং প্রাইস কন্টিনজেন্সী বাবদ বরাদ্দ রাখার যৌক্তিকতা জানতে চাওয়া হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, বিবিধ মুলধন ব্যয় খাতে মোট প্রাক্কলিত ব্যয় মাত্র ১৩.৭৫ লক্ষ টাকা। এর মধ্যে জুন, ২০১৬ পর্যন্ত ৯.৬৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং সম্ভাব্য ব্যয়ের জন্য ৪.০৯ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। প্রাইস কন্টিনজেন্সী বাবদ ১০০০.০০ লক্ষ টাকা সংস্থান রাখা হয়েছে। বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভায় আরও উল্লেখ করেন যে, প্রাইস কন্টিনজেন্সী খাতে কোন ব্যয় হয়নি। সভায় বিস্তারিত আলোচনার পর উক্ত ব্যয় ডিপিপি থেকে বাদ দেওয়া যেতে পারে মর্মে মত প্রকাশ করা হয়।

৩.৩ সভায় সংশোধিত ডিপিপি'র কলেবর যথাসম্ভব ছোট করার নিমিত্ত বিভিন্ন সময়ে অনুষ্ঠিত PSC/PIC এবং অন্যান্য সভার পূর্ণাঙ্গ কার্যবিবরণী সংযোজন না করে শুধুমাত্র সিদ্ধান্ত অংশ সংযোজন করা যেতে পারে মর্মে উল্লেখ করা হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, সভার সুপারিশক্রমে বিভিন্ন সময়ে অনুষ্ঠিত PSC/PIC এবং অন্যান্য সভার পূর্ণাঙ্গ কার্যবিবরণীর পরিবর্তে শুধুমাত্র সিদ্ধান্ত অংশ পুনর্গঠিত ডিপিপি'তে সংযোজন করা হবে।

৩.৪ সভায় প্রশিক্ষণ খাতের টাকা অব্যয়িত থাকার কারণ এবং অবশিষ্ট সময়ে জরুরীভিত্তিতে কিছু প্রশিক্ষনের আয়োজন করা যায় কিনা সে প্রসঙ্গে সংস্থার প্রতিনিধি উল্লেখ করেন যে, প্রশিক্ষণ খাত হতে ৩.৩৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। বিআরইবি'তে একটি প্রশিক্ষণ পরিদপ্তর রয়েছে, যার মাধ্যমে নিয়মিত ভাবে স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এ প্রেক্ষিতে, বর্ণিত প্রকল্পের প্রশিক্ষণ খাত হতে ব্যয় অপেক্ষাকৃত কম হয়েছে। অবশিষ্ট সময়ে প্রশিক্ষনের জন্য প্রস্তাবিত ডিপিপি'তে অর্থের সংস্থান রাখা হয়নি বিধায় এ খাতে ব্যয় হ্রাস পেয়েছে।

৩.৫ সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের লগ ফ্রেমের (Log Frame) এর Input, Output, Purpose এবং Goal আরও সুনির্দিষ্ট এবং সংগতিপূর্ণ হওয়া বাঞ্ছনীয়। এ প্রসঙ্গে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক লগ ফ্রেম পরিমার্জন করা হবে।

৪। **<u>সিদ্ধান্তঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে "পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ১৮ লক্ষ গ্রাহক সংযোগ প্রদান (২য় সংশোধন)"-শীর্ষক প্রকল্পটি অনুমোদনের সুপারিশ করা হয়ঃ

৪.১ প্রকল্পের সার্বিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ এবং ভবিষ্যতে অন্য সকল প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য এ দৃষ্টান্ত অনুসরণ করার জন্য বিদ্যুৎ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে;

৪.২ পুনর্গঠিত আরডিপিপি'তে প্রকল্পের হালনাগাদ তথ্যাদি (ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত) সন্নিবেশ করতে হবে;

৪.৩ প্রাইস কন্টিনজেন্সী বাবদ ১০০০.০০ লক্ষ টাকা আরডিপিপি থেকে বাদ দিতে হবে;

৪.৪ বিভিন্ন সময়ে অনুষ্ঠিত PSC/PIC এবং অন্যান্য সভার পূর্ণাঙ্গ কার্যবিবরণীর পরিবর্তে শুধুমাত্র সংশ্লিষ্ট সিদ্ধান্ত অংশ পুনর্গঠিত ডিপিপি'তে সংযোজন করতে হবে;

৪.৫ প্রস্তাবিত আরডিপিপি'র লগ ফ্রেমের (Log Frame) এর Input, Output, Purpose এবং Goal সুনির্দিষ্টভাবে পরিমার্জন করতঃ তা পুনর্গঠিত আরডিপিপিতে সন্নিবেশ করতে হবে; এবং

৪.৬ আলোচনা মোতাবেক ও উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের আলোকে ডিপিপি পুনর্গঠন করে পুনর্গঠিত ডিপিপি সত্বর পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২২/৬/০৯

(মোস্তাফা কামাল উদ্দীন)
সদস্য
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন